

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
মাদরাসা শিক্ষা অধিদপ্তর  
সহকারী পরিচালক (সরকারি ও সিনিয়র মাদ্রাসা)  
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৪.০৫২.১৮.৪৮

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪

০৮ মার্চ ২০১৮

বিষয়: ..বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে জ্যেষ্ঠতম শিক্ষক- এর স্বাক্ষরে এবং জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী অফিসার এর প্রতি স্বাক্ষরে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল উত্তোলন প্রসঙ্গে।

সূত্র: (১) অধ্যক্ষ, বাঁশবুনিয়া ইসলামিয়া আলিম মাদরাসা- এর আবেদন তারিখ:০২.০২.২০১৮খ্রি।  
(২)শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০১৯.১৩.৬৭ তারিখ:২৩.০৬.২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১ নং স্মারক মূলে অধ্যক্ষ বাঁশবুনিয়া ইসলামিয়া আলিম মাদরাসা কর্তৃক এ অধিদপ্তরে লিখিত আবেদনের মাধ্যমে জানানো হয় যে, বিষয়োক্ত মাদরাসার গভর্নিং বডির মেয়াদ ০৮.০৩.২০১৭ খ্রি: তারিখে শেষ হয়ে যায় (কপি সংযুক্ত)।

০২. মাদরাসা কর্তৃপক্ষ কর্তৃক যথা নিয়মে পুনরায় নিয়মিত কমিটি গঠন প্রক্রিয়া সম্পন্ন করে এতদসংক্রান্ত যাবতীয় কাগজ-পত্র ১১.০৪.২০১৭ খ্রি: তারিখে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডে দাখিল করা হয়। কিন্তু স্থানীয় কোন্দলের কারণে অদ্যাবধি বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড কর্তৃক নতুন কমিটির অনুমোদন পাওয়া যায়নি মর্মে অধ্যক্ষ, বাঁশবুনিয়া ইসলামিয়া আলিম মাদরাসা সূত্রোক্ত ১ নং স্মারকে জানানো হয়েছে।

০৩. উল্লেখ্য যে, সূত্রোক্ত ২ নং স্মারকের আফিস আদেশ মোতাবেক ০৮.০৩.২০১৭ মাস হতে ৩১.১১.২০১৭ মাস পর্যন্ত বর্ণিত মাদরাসার অধ্যক্ষের স্বাক্ষরে ও উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা এর প্রতিস্বাক্ষরে মাদরাসাটির শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলন করা হয় এবং পরবর্তীতে স্থানীয় কোন্দলের কারণে উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা বেতন-ভাতা বিলে প্রতিস্বাক্ষর করতে অসম্মতি জানিয়েছেন মর্মে অধ্যক্ষ কর্তৃক এ অধিদপ্তরে দাখিলকৃত আবেদনে উল্লেখ করা হয়েছে।

০৩. উপরিউক্ত কারণে (১১.০৪.২০১৭ খ্রি: তারিখে পূর্বের কমিটির মেয়াদ শেষ হওয়া এবং মাদরাসা বোর্ড কর্তৃক নতুন কমিটির অনুমোদন না পাওয়া এবং উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিলে স্বাক্ষরে অসম্মতি) বিগত ডিসেম্বর, ২০১৭ মাস হতে মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি উত্তোলন সম্ভব হচ্ছে না মর্মে অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনে উল্লিখিত হয়েছে।

০৪. সূত্রোক্ত ২ নং স্মারক মোতাবেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি না থাকা কালে তাঁদের বেতন-ভাতাদি উত্তোলনের নিমিত্ত জেলা প্রশাসক / উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিলে প্রতিস্বাক্ষরের বিধান রয়েছে (কপি সংযুক্ত)।

০৫. বর্ণিত অবস্থার প্রেক্ষিতে বর্ণিত মাদরাসায় নিয়মিত কমিটি/ এডহোক কমিটি না থাকায় মাদরাসার শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির এম,পি,ও বিল অধ্যক্ষ, বাঁশবুনিয়া ইসলামিয়া আলিম মাদরাসার স্বাক্ষরে এবং সূত্রোক্ত ২ নং স্মারক আদেশ মোতাবেক জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/ উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার এর প্রতিস্বাক্ষরে উত্তোলন হওয়া প্রয়োজন।

০৬. এমতাবস্থায় বাঁশবুনিয়া ইসলামিয়া আলিম মাদরাসার গভর্নিং বডি/এডহোক কমিটি পুনরায় গঠিত না হওয়া পর্যন্ত শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রের ২ নং স্মারক আদেশ অনুসরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮-৩-২০১৮

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক  
ফোন: ৪১০৩০১৬৭

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী
- ২) ২. জনাব মো: হায়িজুর রহমান, অধ্যক্ষ, বাঁশবুনিয়া ইলামিয়া আলিম মাদরাসা, গলাচিপা, পটুয়াখালী।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৪.০৫২.১৮.৪৮/১(২)

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৪  
০৮ মার্চ ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
- ২) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী।



৮-৩-২০১৮

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক